চট্টগ্রাম বোর্ড ২০১৫
হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল | পূর্ণমান — ৬০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ

প্রশ্ন-১ ▶ মিঃ সাকিন ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের রেওয়ামিল :

মি. সাকিন
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
আসবাবপত্র	৭০,০০০	
অগ্রিম বিমা	৮,০০০	
সাপ্লাইজ	৬,০০০	
পুঞ্জিভূত অবচয়-আসবাবপত্র		৫,০০০
মূলধন-সাকিন		৫৪,০০০
সেবা আয়		৭৫,০০০
প্রাপ্য হিসাব	৩৫,০০০	
বেতন খরচ	২০,০০০	
অনুপার্জিত সেবা আয়		১৫,০০০
উপযোজন খরচ	৭,০০০	
প্রদেয় হিসাব		১০,০০০
১০% প্রদেয় নোট		১২,০০০
উত্তোলন (১-৪-২০১৪)	৩,০০০	
ভাড়া খরচ	১২,০০০	
নগদ তহবিল	১০,০০০	
	১,৭১,০০০	১,৭১,০০০

অন্যান্য তথ্যাবলি :
১. সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ১০,০০০ টাকা।
২. সাপ্লাইজ মজুদ রয়েছে ৩,০০০ টাকা।
৩. প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে ৫০০ টাকা।
৪. অনুপার্জিত আয় অর্জিত হয়েছে ১০,০০০ টাকা।
৫. আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য করো।

ক. মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ নির্ণয় করো। ২
খ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট আয় বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. প্রতিষ্ঠানের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-২ ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে পিয়াল ট্রেডার্সের রেওয়ামিল নিচে দেওয়া হল:

রেওয়ামিল

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৬০,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	১,৭৫,৯৫৮	৪,৮৭,৯০০
বেতন	২০,০০০	
ফেরত	৮,০০০	৪,০০০
বিমা প্রিমিয়াম	৩,০০০	
কমিশন	৪,২০০	৩,০০০
বিজ্ঞাপন	১১,০০০	
পরিবহন	১০,০০০	
প্রদেয় হিসাব		১০,৪০০
ভ্যাট চলতি হিসাব	৫,২০০	
হাতে নগদ	৬০,০০০	
প্রাপ্য হিসাব	১,৭৭,০৫০	
মূলধন		২৯,১০৮
	৫,৩৪,৪০৮	৫,৩৪,৪০৮

সমন্বয়সমূহ :
১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয় ৫৫,০০০ টাকা।
২. পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি ১০,০০০ টাকা।
৩. মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৪. প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো।
৫. বিজ্ঞাপন খরচের ৪/৫ অংশ বিলম্বিত করো।

ক. ক্রয় ভ্যাটের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট আয় নির্ণয় করো। ৪
গ. নিট আয় ২,১৪,৪৭৫ টাকা ধরে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ▶ ২০১৪ সালের ১লা জানুয়ারি তারিখে জনাব রিয়াজ নগদ ৮০,০০০ টাকা, ৪০,০০০ টাকার আসবাবপত্র ও মিতার নিকট হতে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনসমূহ নিম্নরূপ :

জানুয়ারি ৫ ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৫৭,৫০০ টাকা।
" ১০ রফিকের নিকট নগদে মাল বিক্রয় ৬০,০০০ টাকা।
" ১২ আয়প্রফেরত ৫,০০০ টাকা।
" ১৫ কমিশন পাওয়া গেল ৭,০০০ টাকা।
" ২০ নগদে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ ফারুকের নিকট হতে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ২৮ ভাড়া প্রদান ৮,০০০ টাকা।
" ৩০ ফারুককে পূর্ণ নিষ্পত্তিতে ৯,০০০ টাকা দেওয়া হলো।

ক. মিঃ রিয়াজের ব্যবসায়ের শুরুতে মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৫, ১২, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত করো (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪
গ. ১০, ২০, ২৫ ও ২৮ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

প্রশ্ন-৪ ▶ মেসার্স তামিম ট্রেডার্সের নিম্নের লেনদেনগুলো ২০১৪ সালের মার্চ মাসে সংঘটিত হয়েছে :

২০১৪ইং
মার্চ ১ হাতে নগদ ৪০,০০০ টাকা ও ব্যাংক জমা ২৫,০০০ টাকা।
" ৫ বিক্রয় ৪০,০০০ টাকা যার ৫০% নগদে।
" ১০ ব্যাংক হতে অফিস প্রয়োজনে ১০,০০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকা উত্তোলন।
" ১২ কাগজ ও কালি ক্রয় ১০০ টাকা।
" ১৭ অতিরিক্ত মূলধন আনা হল ২০,০০০ টাকা।
" ১৮ ব্যাংকে জমা দেয়া হলো ১৫,০০০ টাকা।
" ২০ টেলিফোন বিল পরিশোধ ২০০ টাকা।
" ২২ বাস ভাড়া প্রদান ৫০ টাকা।
" ২৫ সাব্বিরের নিকট হতে ১০,০০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ৯,৫০০ টাকা পাওয়া গেল।
" ২৮ আপ্যায়ন খরচ ১০০ টাকা।
" ৩০ নগদে আসবাবপত্র বিক্রয় ২০,০০০ টাকা।

ক. বিপরীত দাখিলার পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৫, ১৭, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো নিয়ে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ৪
গ. ১, ১০ ও ১৮ তারিখের লেনদেনগুলো নিয়ে উপযুক্ত ছকবিশিষ্ট নগদান বই তৈরি করো। ৪

প্রশ্ন-৫ ▶ নিম্নবর্ণিত তথ্যাবলি ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব নাজিম এর হিসাব বই হতে নেওয়া হয়েছে :
১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪০,০০০ টাকা।
২. ১৫,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
৩. ব্যাংক কর্তৃক প্রদেয় নোট পরিশোধ কিন্তু নগদান বইতে লেখা হয়নি ৫,০০০ টাকা।

৪. ১২,০০০ টাকার ইস্যুকৃত একটি চেক, পরিশোধের জন্য ব্যাংকে এখনও উপস্থাপিত হয়নি।
৫. ব্যাংক কর্তৃক দেনাদারের নিকট হতে সরাসরি আদায় ৯,০০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।
৬. ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায় ৬,০০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।
৭. ব্যাংক কর্তৃক কমিশন চার্জ ১,০০০ টাকা, যা নগদানভুক্ত হয়নি।
ক. পাশ বইতে লেখা হয়নি, এরূপ লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৩, ৫, ৬ ও ৭নং লেনদেনগুলির জাবেদা দাও। ৪
গ. ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

প্রশ্ন-৬ ▶ মুন্না ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা
উত্তোলন	২,৪০০
কলকব্জা	৪০,০০০
প্রাপ্য হিসাব	২৪,০০০
ক্রয়	৮০,০০০
বিক্রয়	১,৫০,০০০
বেতন	১৮,০০০
উপভাড়া	১০,০০০
আসবাবপত্র	১৫,০০০
প্রদেয় হিসাব	২০,০০০
মনিহারি	৯,০০০
সমাপনি মজুদ পণ্য	২০,০০০
বিজ্ঞাপন	২০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
মূলধন	৩৮,৪০০
প্রদেয় নোট	২৫,০০০
১০% বিনিয়োগ	২০,০০০

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তসমূহ নিয়ে একটি রেওয়ামিল তৈরি করো। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-৭ ▶ সাকিব ট্রেডার্সের ৩১ মার্চ, ২০১৪ সালের (প্রথম তিন মাসের) রেওয়ামিল নিচে দেওয়া হলো :

সাকিব ট্রেডার্স
রেওয়ামিল
৩১ মার্চ, ২০১৪

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৪০,০০০	
অগ্রিম বিমা	৬,০০০	
সাপ্লাইজ	৮,০০০	
যন্ত্রপাতি	৩০,০০০	
মূলধন-সাকিব		৫৫,০০০
সেবা আয়		৪৫,০০০
বেতন খরচ	১২,০০০	
ভাড়া খরচ	১০,০০০	
অনুপার্জিত আয়		৬,০০০
	১,০৬,০০০	১,০৬,০০০

অন্যান্য তথ্যাবলি :
১. ৩১ মার্চ তারিখে অগ্রিম বিমার পরিমাণ ২,০০০ টাকা।
২. সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৭,০০০ টাকা।
৩. বেতন খরচ বকেয়া রয়েছে ৪,০০০ টাকা।
৪. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করো।
ক. বিমা খরচের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত সমন্বয়গুলির সমন্বয় জাবেদা দাও। ৪
গ. উপর্যুক্ত রেওয়ামিল হতে কার্যপত্রের ছকে সমন্বিত রেওয়ামিল তৈরি করো। ৪

প্রশ্ন-৮ ▶ পিয়াস ট্রেডার্স ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকায় একটি যন্ত্র ক্রয় করে। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে যন্ত্রটির ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ৩১-১২-২০১৪ তারিখে পিয়াস ট্রেডার্স উক্ত যন্ত্রটি ১,০০,০০০ টাকায় বিক্রয় করে। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত করে।
ক. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. সরলরৈখিক পদ্ধতিতে ২০১০ ও ২০১১ সালের জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. চলমান জের ছকে ২০১০ ও ২০১১ সালের পুঞ্জিভূত অবচয় হিসাব ও যন্ত্রপাতি হিসাব তৈরি করো। ৪

প্রশ্ন-৯ ▶ জনাব জামাল একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার হিসাব বহির খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

বিবরণ	১ জানুয়ারি ২০১৪ (টাকা)	৩১ ডিসেম্বর ২০১৪ (টাকা)
নগদ তহবিল	৫০,০০০	১,৬০,০০০
ব্যাংক জমা	৫০,০০০	১০,০০০ (ক্রে.)
যন্ত্রপাতি	৩০,০০০	
১০% বিনিয়োগ	৪০,০০০	৪০,০০০
মজুদ পণ্য	২০,০০০	৬৫,০০০
বিবিধ দেনাদার	৪০,০০০	৬০,০০০
বিবিধ পাওনাদার	৫০,০০০	৭৫,০০০
প্রদেয় বিল	২৫,০০০	৩৫,০০০

জনাব জামাল কারবার হতে প্রতি মাসে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। এছাড়া তিনি কারবার হতে বছরে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন যা হিসাবভুক্ত হয়নি। তিনি ১-৭-২০১৪ তারিখে কারবারের জন্য ২০,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারী ভ্যান ক্রয় করে। এই ডেলিভারী ভ্যান ক্রয়ের জন্য ১৫,০০০ টাকা তিনি ব্যক্তিগত তহবিল হতে সরবরাহ করেছিলেন।

অন্যান্য তথ্যাবলি :
১. বেতন বকেয়া ৪,০০০ টাকা এবং অগ্রিম প্রদত্ত ভাড়া ৫,০০০ টাকা।
২. বিবিধ দেনাদারের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে।
৩. যন্ত্রপাতি ও ডেলিভারী ভ্যানের ওপর ১০% হারে অবচয় ধার্য করো।
ক. যন্ত্রপাতি ও ডেলিভারী ভ্যানের ওপর অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রারম্ভিক মূলধন ১,৫৫,০০০ টাকা এবং সমাপনী মূলধন ২,৬৫,০০০ টাকা হলে বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪
গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব জামালের বৈষয়িক বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. মূলধনের সুদ ৫,৪০০ টাকা এবং উত্তোলনের সুদ ২২৫ টাকা। খ. নিট আয় ৩৮,৮০০ টাকা। গ. চলতি সম্পদ ৬০,০০০ টাকা এবং চলতি দায় ২৮,২০০ টাকা।
২. **উত্তর :** ক. ক্রয় ভ্যাট ২২,০৩৮ টাকা। খ. মোট আয় ২,৬৪,০৮০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৮৭,৬৪৫ টাকা।
৩. **উত্তর :** ক. প্রারম্ভিক মূলধন ১,২০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৭৯,৫০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ৫২,০০০ টাকা।
৪. **উত্তর :** ক. বিপরীত দাখিলার পরিমাণ ২৫,০০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল ৭০,০০০ টাকা। গ. নগদ তহবিল ৩৫,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫,০০০ টাকা।
৫. **উত্তর :** ক. ২৭,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ২১,০০০ টাকা। গ. ৪৬,০০০ টাকা।
৬. **উত্তর :** ক. সমন্বিত ক্রয় ৭৫,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ২,৪৩,৪০০ টাকা। গ. চলতি সম্পদ ৪৪,০০০ টাকা এবং দায় ৪৫,০০০ টাকা।
৭. **উত্তর :** ক. বিমা খরচ ৪,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১৮,০০০ টাকা। গ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ১,১৩,০০০ টাকা।
৮. **উত্তর :** ক. বার্ষিক অবচয় ১৮,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ২,৭২,০০০ টাকা।
৯. **উত্তর :** ক. যন্ত্রপাতির অবচয় ৩,০০০ টাকা এবং ডেলিভারি ভ্যানের অবচয় ১,০০০ টাকা। খ. নিট লাভ ১,১৭,২৫০ টাকা। গ. বৈষয়িক বিবরণীর যোগফল ৩,৮২,২৫০ টাকা; অনিশ্চিত হিসাব (সম্পদ) ১০,০০০ টাকা।

চট্টগ্রাম বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ২ ৫ ৩

১. প্রাপ্য হিসাব কোন ধরনের সম্পদ?
ক) চলতি খ) স্থায়ী
গ) অস্পর্শনীয় ঘ) অলীক

২. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?
ক) ঐতিহাসিক ব্যয় খ) রক্ষণশীলতা
গ) 'সামঞ্জস্যতা' ঘ) পূর্ণ প্রকাশ

৩. হিসাব সমীকরণের সঠিক সম্প্রসারিত রূপ কোনটি?
ক) সম্পদ = দায় – মূলধন – আয় + খরচ + উত্তোলন
খ) সম্পদ = দায় + মূলধন – আয় + খরচ – উত্তোলন
গ) সম্পদ = দায় + মূলধন + আয় – খরচ – উত্তোলন
ঘ) সম্পদ = দায় – মূলধন + উত্তোলন + আয় – খরচ

৪. পাওনাদারকে পরিশোধ করা হলে হিসাব সমীকরণে কি প্রভাব পড়বে?
ক) সম্পদ হ্রাস, স্বত্বাধিকার হ্রাস
খ) সম্পদ বৃদ্ধি, স্বত্বাধিকার বৃদ্ধি
গ) সম্পদ হ্রাস, দায় হ্রাস ঘ) সম্পদ বৃদ্ধি, দায় বৃদ্ধি

উদ্দীপকটি পড়ো এবং ৫-৬ নং প্রশ্নের উত্তর দাও।
মি. রিফাত হিসাব লিখনে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলে অনিচ্ছাকৃতভাবে প্রাপ্য হিসাব ৫০,০০০ টাকার পরিবর্তে ৪০,০০০ টাকা ডেবিট কলামে লিপিবদ্ধ করেন। অন্যদিকে প্রদেয় হিসাব ৩৪,০০০ টাকার পরিবর্তে ২৪,০০০ টাকা ক্রেডিট কলামে লিপিবদ্ধ করেন এবং রেওয়ামিল মিলে যায়।

৫. মি. রিফাত কর্তৃক প্রস্তুতকৃত রেওয়ামিলে কোন ধরনের ভুল হয়েছে?
ক) নীতিগত ভুল খ) পরিপূরক ভুল
গ) বাদ পড়ার ভুল ঘ) করণিক ভুল

৬. অন্য কোনো ভুল না থাকলে উপরোক্ত রেওয়ামিলে প্রকৃত যোগফলের সাথে নির্ণয়কৃত যোগফলের পার্থক্য কত টাকা হবে?
ক) ৪০,০০০ টাকা খ) ২৪,০০০ টাকা
গ) ২০,০০০ টাকা ঘ) ১০,০০০ টাকা

৭. নিচের কোনটি অনুপার্জিত লেনদেন?
ক) কমিশন খ) ভাড়া
গ) অবচয় ঘ) ধারে বিক্রয়

৮. ধারে কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা হিসাব সমীকরণের কোন কোন উপাদানে প্রভাব পড়বে?
ক) সম্পদ ও মালিকানা স্বত্ব খ) সম্পদ ও দায়
গ) দায় ও মালিকানা স্বত্ব ঘ) আয় ও দায়

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শামীম রহমান ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ২৫,০০০ টাকা, ১৫,০০০ টাকার যন্ত্রপাতি ও ১০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসা শুরু করেন। জানুয়ারি মাসে তার অন্যান্য লেনদেনগুলি হল : ব্যক্তিগত অর্থে জীবন বিমার প্রিমিয়াম প্রদান করেন ১২,০০০ টাকা, অতিরিক্ত মূলধন আনয়ন করেন ২,০০০ টাকা। ব্যবসায়ের টাকায় ছেলের স্কুলের বেতন প্রদান ১,৫০০ টাকা।

৯. জনাব শামীম এর মালিকানা স্বত্বের পরিমাণ ১ ফেব্রুয়ারি তারিখে কত ছিল?
ক) ৩৮,০০০ টাকা খ) ৪৮,৫০০ টাকা
গ) ৫০,৫০০ টাকা ঘ) ৫২,০০০ টাকা

১০. জনাব শামীমের সম্পদের পরিবর্তন হয়েছে —
i. ছেলের স্কুলের বেতন প্রদানের জন্য
ii. জীবন বিমার প্রিমিয়াম প্রদান দ্বারা
iii. অতিরিক্ত মূলধন আনয়নের কারণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. নিট লাভ দ্বারা কি বৃদ্ধি পায়?
ক) আয় খ) সম্পদ
গ) দায় ঘ) স্বত্বাধিকার

১২. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের সময় বিবেচনা করতে হয় —
i. সম্পত্তির ক্রয়মূল্য
ii. সম্পত্তির আনুমানিক ভগ্নাবশেষ মূল্য
iii. সম্পত্তির আনুমানিক কার্যকরী আয়ুষ্কাল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. অনুপার্জিত আয় একটি —
ক) আয় খ) দায়
গ) সম্পদ ঘ) স্বত্বাধিকার

১৪. নিচের কোনটির জন্য সমাপনী দাখিলার প্রয়োজন হয়?
ক) বিক্রয় খ) প্রাপ্য হিসাব
গ) যন্ত্রপাতি ঘ) প্রদেয় হিসাব

১৫. ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় কোনটি?
ক) পরিশোধ বাট্টা খ) ক্রয় বাট্টা
গ) বিক্রয় বাট্টা ঘ) নগদ বাট্টা

১৬. মি. বড়ুয়া তার প্রতিষ্ঠানে অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করেন। নির্ধারিত অগ্রদত্ত টাকার পরিমাণ ৫,০০০ টাকা। ২০১৪ সালের ডিসেম্বর মাসে মোট খুচরা খরচের পরিমাণ ৪,৫০০ টাকা। জানুয়ারি মাসের শুরুতে পেটি ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে খুচরা খরচের জন্য কত টাকার চেক পাবে?
ক) ৫০০ টাকা খ) ৪,৫০০ টাকা
গ) ৫,০০০ টাকা ঘ) ৯,৫০০ টাকা

১৭. অনিশ্চিত হিসাব কোন জাতীয় হিসাব?
ক) মূলধন জাতীয় খ) স্থায়ী
গ) অস্থায়ী ঘ) মুনাফা জাতীয়

১৮. কুঋণ সঞ্চিতির পরিমাণ ২,০০০ টাকা কমাতে হবে। রেওয়ামিলে কুঋণ সঞ্চিতির পরিমাণ দেওয়া আছে ৬,০০০ টাকা। নতুন কুঋণ সঞ্চিতির পরিমাণ কত হবে?
ক) ২,০০০ টাকা খ) ৪,০০০ টাকা
গ) ৬,০০০ টাকা ঘ) ৮,০০০ টাকা

১৯. ১০% বন্ধকী ঋণ, ৫,০০,০০০ টাকা। এটি হলো —
i. দীর্ঘমেয়াদী দায় ii. বহির্দায়
iii. চলতি দায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব ইলিয়াস তার ব্যবসার হিসাব এক তরফা দাখিলা পদ্ধতিতে রাখেন। ২০১৪ সালের তার প্রারম্ভিক ও সমাপনী মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা, উক্ত বছরে তিনি নগদ ২০,০০০ টাকা উত্তোলন করেন এবং নগদ ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন বাবদ আনয়ন করেন।

২০. ২০১৪ সালে ইলিয়াসের নিট লাভ কত?
ক) ৭০,০০০ টাকা খ) ১,০০,০০০ টাকা
গ) ১,৮০,০০০ টাকা ঘ) ২,২০,০০০ টাকা

২১. উক্ত বছরে মি. ইলিয়াস যদি আরো ২০,০০০ টাকা উত্তোলন করতেন তাহলে নিট লাভে কি পরিবর্তন আসবে?
ক) ৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে খ) ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
গ) ২০,০০০ টাকা হ্রাস পাবে ঘ) ৪০,০০০ টাকা হ্রাস পাবে

২২. প্রতিমাসের শেষে উত্তোলন করলে মাসিক উত্তোলনের উপর কত মাসের সুদ ধার্য করতে হবে?
ক) ১১ খ) ৬.৫ গ) ৬ ঘ) ৫.৫

২৩. মূলধনের সুদ ব্যবসায়ের কী?
ক) ব্যয় খ) আয় গ) দায় ঘ) সম্পদ

২৪. হিসাববিজ্ঞানের যে নীতি অনুযায়ী মালিক হতে ব্যবসায়কে পৃথক সত্ত্বা হিসাবে বিবেচনা করা হয় তাকে কী বলা হয়?
ক) চলমান ধারণা খ) দ্বৈতসত্ত্বা
গ) হিসাব সময়কাল ঘ) ব্যবসায় সত্ত্বা ধারণা

২৫. নিচের কোন কোন হিসাব ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?
ক) সম্পদ, ব্যয় ও দায় হিসাব
খ) সম্পদ, উত্তোলন ও ব্যয় হিসাব
গ) সম্পদ, উত্তোলন ও আয় হিসাব
ঘ) ব্যয়, দায় ও সম্পদ হিসাব

২৬. হিসাব তথ্যের বহিঃব্যবহারকারী কে?
ক) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ খ) বিনিয়োগকারী
গ) শ্রমিক সংঘ ঘ) হিসাব কর্মকর্তা

২৭. ক্রয় ফেরতের জন্য কোন দলিল ব্যবহার করা হয়?
ক) চালান খ) চালান
গ) ক্রেডিট নোট ঘ) ডেবিট নোট

উদ্দীপকটি পড়ো এবং ২৮-২৯ নং প্রশ্নের উত্তর দাও।
মি. বিমল একটি প্রতিষ্ঠানের ম্যানেজার-এর দায়িত্ব পালন করেন। কমিশন চার্জ করার পরবর্তী নিট লাভের উপর তিনি ১০% কমিশন পেয়ে থাকেন। তিনি ২০১৪ সালে ২,০০০ টাকা কমিশন পান।

২৮. নিট লাভের পরিমাণ কত?
ক) ১৮,০০০ টাকা খ) ২০,০০০ টাকা
গ) ২২,০০০ টাকা ঘ) ২২,২২২ টাকা

২৯. মি. বিমল যদি কমিশন চার্জ করার পূর্ববর্তী নিট লাভের উপর ১০% কমিশন পান তবে কমিশনের উপর কি প্রভাব পড়বে?
ক) কমিশন বৃদ্ধি পাবে ২০০ টাকা
খ) কমিশন বৃদ্ধি পাবে ২২০ টাকা
গ) কমিশন হ্রাস পাবে ২০০ টাকা
ঘ) কমিশন হ্রাস পাবে ২২০ টাকা

৩০. মুনাফা জাতীয় হিসাব বন্ধ করার জন্য যে দাখিলার প্রয়োজন হয় —
ক) সংশোধনী জাবেদা খ) প্রারম্ভিক জাবেদা
গ) সমাপনী জাবেদা ঘ) সমন্বয় জাবেদা

৩১. কোনটি হিসাব প্রক্রিয়ার আবশ্যকীয় কাজ নয়?
ক) লেনদেন লিপিবদ্ধকরণ খ) শ্রেণিবিন্যাসকরণ
গ) কার্যপত্র প্রস্তুত ঘ) আর্থিক বিবরণী প্রস্তুত

উদ্দীপকটি পড়ো এবং ৩২-৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব ইনান ২০১৪ সালে প্রচারের উদ্দেশ্যে ৬,০০০ টাকার পণ্য বিতরণ করেন যা হিসাবভুক্ত হয়নি। রেওয়ামিলে উক্ত বছরে বিজ্ঞাপন খরচ ছিল ২৪,০০০ টাকা।

৩২. প্রচারের উদ্দেশ্যে পণ্য বিতরণের জন্য সমন্বয় দাখিলা কি হবে?
ক) বিজ্ঞাপন হিসাব ডেবিট ৬,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৬,০০০ টাকা
খ) প্রচার হিসাব ডেবিট ৬,০০০ টাকা
ক্রয় হিসাব ক্রেডিট ৬,০০০ টাকা
গ) বিজ্ঞাপন হিসাব ডেবিট ৬,০০ টাকা
ক্রয় হিসাব ক্রেডিট ৬,০০০ টাকা
ঘ) প্রচার হিসাব ডেবিট ৬,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৬,০০০ টাকা

৩৩. বিজ্ঞাপন খরচের এক-তৃতীয়াংশে বিলম্বিত করা হলে বিজ্ঞাপন বাবদ মুনাফা জাতীয় ব্যয় কিভাবে হিসাবভুক্ত করা হবে?
ক) লাভক্ষতি হিসাবে ডেবিট হবে ৬,০০০ টাকা
খ) উদ্বর্তপত্রে দেখাতে হবে ৮,০০০ টাকা
গ) লাভক্ষতি হিসাবে ডেবিট হবে, ২০,০০০ টাকা
ঘ) উদ্বর্তপত্রে দেখাতে হবে ১০,০০০ টাকা

৩৪. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ —
i. নগদান বইয়ে ক্রেডিট করা হয়
ii. ব্যাংক বিবরণীতে ডেবিট করা হয়
iii. ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৫-৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শাহরিয়ার একজন ব্যবসায়ী। তিনি ৫ জানুয়ারি নিজ প্রয়োজনে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন যা বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে। ২৫ জানুয়ারি পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৮,০০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।

৩৫. ২৫ জানুয়ারি লেনদেন এ কি ধরনের ভুল সংঘটিত হয়েছে?
ক) পরিপূরক ভুল খ) নীতিগত ভুল
গ) লেখার ভুল ঘ) বাদ পড়ার ভুল

৩৬. ৫ জানুয়ারি লেনদেনের ভুলের জন্য মোট লাভে কি প্রভাব পড়বে?
ক) মোট লাভ বৃদ্ধি পাবে ৫,০০০ টাকা
খ) মোট লাভ হ্রাস পাবে ৫,০০০ টাকা
গ) মোট লাভ অপরিবর্তিত থাকবে
ঘ) মোট লাভ বৃদ্ধি পাবে ১০,০০০ টাকা

৩৭. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কি?
ক) নগদ প্রাপ্তির পরিমাণ জানা খ) নগদ উদ্বৃত্তের পরিমাণ জানা
গ) পার্থক্যের কারণ জানা ঘ) ব্যাংক উদ্বৃত্তের কারণ জানা

৩৮. GAAP-এর পূর্ণরূপ কোনটি?
ক) Generally Agreed Accounting Principals
খ) Generally Accepted Accounting Principals
গ) Generally Accepted Accounting Principles
ঘ) Generally Agreed Accounting Principles

৩৯. নামিক হিসাবের ডেবিট উদ্বৃত্ত দ্বারা ব্যবসায়ের কি বুঝায়?
ক) আয় খ) ব্যয়
গ) সম্পদ ঘ) দায়

৪০. প্রকৃত জাবেদার কোন লেনদেনটি লিপিবদ্ধ করা হয়?
ক) ধারে পণ্য ক্রয় খ) বাকিতে যন্ত্রপাতি ক্রয়
গ) নগদ ক্রয় ঘ) ধারে পণ্য বিক্রয়

উত্তর																																								
	১	ক	২	ক	৩	গ	৪	গ	৫	খ	৬	ঘ	৭	গ	৮	খ	৯	গ	১০	খ	১১	ঘ	১২	ঘ	১৩	ঘ	১৪	ক	১৫	ঘ	১৬	খ	১৭	গ	১৮	খ	১৯	ক	২০	ক
	২১	খ	২২	ঘ	২৩	ক	২৪	ঘ	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	গ	২৯	ক	৩০	গ	৩১	ঘ	৩২	গ	৩৩	গ	৩৪	ক	৩৫	খ	৩৬	গ	৩৭	গ	৩৮	গ	৩৯	খ	৪০	খ